# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বাঃ মঃ উঃ কঃ

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪ ফ্যাক্স: ৫৫০১১৮৫৩
ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: **bfdc_64@yahoo.com**

পত্র নং: ৩৩.০৩.০০০০.১০১.০৭.০২৭.১৮. ৯৪৯ তারিখঃ ০৮/০১/২০১৯ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের নিমিত্ত জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ম্যানেজার (মৎস্য অবতরণ ও বাজারজাতকরণ প্রকল্প) | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩০ | অর্থনীতি, বাণিজ্য, পরিসংখ্যান বা মৎস্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী বা সম-মানের ডিগ্রী। |
| ২। | অর্থ বিশ্লেষক | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩০ | অর্থনীতি, পরিসংখ্যান, বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩। | জন-সংযোগ অফিসার | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩০ | দ্বিতীয় শ্রেণীতে সাংবাদিকতা, লোক প্রশাসন, রাষ্ট্র বিজ্ঞানে বা আন্তর্জাতিক সর্ম্পক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৪। | একান্ত সচিব | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩৩ | স্নাতক ডিগ্রীসহ সরকারী চাকুরী বা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থায় প্রটোকল বা জন-সংযোগ কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫। | সহকারী পরিকল্পনা অফিসার | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩০ | অর্থনীতি, বাণিজ্য, পরিসংখ্যান বা মৎস্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬। | ফিস প্রসেসিং টেকনোলজিস্ট | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩০ | রসায়ন, প্রাণি-রসায়ন, মৎস্য বিজ্ঞান বা প্রাণিবিদ্যায় ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭। | প্রকৌশলী (মেকানিক্যাল/রক্ষণাবেক্ষণ/ইলেকট্রিক্যাল/রেফ্রিজারেশন) | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০৫ | ১৮-৩০ | বি, এস, সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল) অথবা সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা-ইন-ইনজিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল)। |
| ৮। | দ্বিতীয় প্রকৌশলী | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০১ | ১৮-৩২ | মেকানিক্যাল অথবা মেরিন ইঞ্জিনিয়ারিং এ বি, এস, সি, ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অথবা মেরিন ফিশারীজ একাডেমী হইতে মেরিন ইঞ্জিনিয়ারিং এ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯। | তৃতীয় প্রকৌশলী | ৯ (২২০০০-৫৩০৬০/-) | ০২ | ১৮-৩০ | মেকানিক্যাল অথবা মেরিন ইঞ্জিনিয়ারিং এ বি, এস, সি, ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের চাকুরী অথবা মেরিন ফিশারীজ একাডেমী হইতে মেরিন ইঞ্জিনিয়ারিং এ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০। | রপ্তানি অফিসার | ১১ (১২৫০০-৩০২৩০/-) | ০১ | ১৮-৩০ | স্নাতক ডিগ্রী। |
| ১১। | নিরাপত্তা অফিসার | ১১ (১২৫০০-৩০২৩০/-) | ০১ | ১৮-৩৫ | বাংলাদেশ সেনা বা নৌ বা বিমান বাহিনীর নায়েক সুবেদার বা সমমানের প্রাক্তন সদস্য। |
| ১২। | অডিটর | ১১ (১২৫০০-৩০২৩০/-) | ০১ | ১৮-৩০ | বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ১৩। | ষ্টোর কিপার | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ০৩ | ১৮-৩০ | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৪। | উচ্চমান অফিস সহকারী | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ১০ | ১৮-৩০ | দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৫। | ক্যাশিয়ার | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ০৩ | ১৮-৩০ | বাণিজ্যে স্নাতক ডিগ্রী তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬। | সহকারী হিসাব রক্ষক | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ০৫ | ১৮-৩০ | বাণিজ্যে স্নাতক ডিগ্রী তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৭। | ওয়েল্ডার | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ০২ | ১৮-৩০ | নবম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৮। | ড্রাফটসম্যান | ১৪ (১০২০০-২৪৬৮০/-) | ১ | ১৮-৩০ | বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট সহ ড্রাফটম্যানশীপের সার্টিফিকেট। |
| ১৯। | টালী সহকারী | ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ০২ | ১৮-৩০ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ২০। | অপারেটর | ১৬ (৯৩০০-২২৪৯০/-) | ১০ | ১৮-৩০ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ ১ (এক) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট, তবে সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হবে। |

শর্তাবলীঃ

১। আবেদনপত্রের নির্ধারিত ফরম বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইট www.bfdc.gov.bd থেকে ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে আগামী ১৭/০২/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে 'সচিব, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫' বরাবরে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। আবেদনপত্রের সাথে ১ হতে ১২ নং ক্রমিকের প্রার্থীগণ ৫০০/- (পাঁচশত) টাকা ও ১৩ হতে ২০ নং ক্রমিকের প্রার্থীগণ ৪০০/- (চারশত) টাকা অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা হতে **সরাসরি অনলাইনে 'বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন' শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, ওয়াসা কর্পোরেট শাখা, কাওরান বাজার, ঢাকা এর STD হিসাব নং ০২০০০০৯৩৫৭৩৮২ এ নগদ জমা দিতে হবে।** জমাকৃত টাকার বিপরীতে প্রদত্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর ও সীলযুক্ত মূল রশিদ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে জমা দিতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রের সাথে ১০ টাকার ডাকটিকেটসহ প্রার্থীর ঠিকানাযুক্ত ফেরত খাম এবং সদ্য তোলা ০৪ (চার) কপি সত্যায়িত রঙিন ছবি ব্যতীত আর কোনো কাগজপত্রের অনুলিপি জমা দেয়ার প্রয়োজন নেই। প্রত্যেক প্রার্থীকে স্পষ্ট অক্ষরে বাংলায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। আবেদনপত্রের সাথে খামের উপর 'পদের নাম', 'নিজ জেলা' ও প্রযোজ্য ক্ষেত্রে 'কোটার নাম' অবশ্যই উল্লেখ করতে হবে।

৫। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। আবেদনকারীর বয়স ০১/০১/২০১৯ খ্রিঃ তারিখে নির্ধারিত বয়স সীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। সরকারের সর্বশেষ বিধি/আদেশ/প্রজ্ঞাপন মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ পূর্বক নিয়োগ প্রদান করা হবে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদের মূল কপি প্রদর্শনসহ সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ জমা দিতে হবে। লিখিত/মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন পদের পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ২০ নং ক্রমিকের অপারেটর পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের কর্পোরেশনের বরফ কল/ফিস প্রসেসিং প্লান্টের কম্প্রেসার পরিচালনা করতে হবে।

০৮/০১/২০১৯

(মুহাম্মদ হারুন অর রশীদ)
সচিব।